

অবৈধ পথে প্রবাসী আয় লেনদেন অর্থাৎ হুন্ডি হতে সাবধান !!

হুন্ডি কি ?

ব্যাংকিং বা অফিসিয়াল চ্যানেল ব্যতিত অন্য যে কোন উপায়ে অর্থ/টাকা লেনদেন করাকে হুন্ডি বলে।

অবৈধ পথে অর্থ লেনদেন অর্থাৎ হুন্ডি কেন ক্ষতিকর ?


(ক) হুন্ডিতে বা অবৈধ পথে দেশে টাকা প্রেরণ করলে এবং তা প্রমাণিত হলে মানি লন্ডারিং আইনে জরিমানা, সম্পত্তি বাজেয়াপ্ত ও সশ্রম কারাদন্ডসহ বিভিন্ন ধরনের শাস্তি হতে পারে।

(খ) হুন্ডির মাধ্যমে অর্থ লেনদেনের ক্ষেত্রে কোন রসিদ (ফতুরা) প্রদান করেনা। ফলে টাকা আত্মসাত কিংবা যাত্রাপথে হারিয়ে গেলে আইনের কোন সহায়তা পাওয়া যায় না। ফলে আপনার কষ্টার্জিত অর্থ ফেরত পাওয়ার সম্ভাবনা থাকে না।

(গ) আপনার কষ্টার্জিত টাকা অবৈধ আয়/কালো টাকা হিসেবে বিবেচিত হয়, যার আয়ের উৎস আপনি দিতে পারবেন না।

(ঘ) তাছাড়া বিভিন্ন দেশের সরকারের আইনেও হুন্ডি বা অবৈধ লেনদেনে জড়িত থাকলে জেল জরিমানা সহ স্বদেশে ফেরত পাঠানো হয়।

(ঙ) হুন্ডির মাধ্যমে টাকা পাঠানো যেমন অনৈতিক, ঝুঁকিপূর্ণ ও অবৈধ তেমনি দেশের স্বার্থ পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ।



বৈধ পথে অর্থাৎ ব্যাংকিং চ্যানেলে অর্থ প্রেরণের সুবিধা :

(ক) ব্যাংকিং চ্যানেলে অর্থ হারানোর বা আত্মসাতের সুযোগ থাকে না।

(খ) ব্যাংকিং চ্যানেলে পাঠানো টাকার আয়কর রেয়াত সুবিধা পাওয়া যায়।

(গ) সরকার কর্তৃক ওয়েজ আর্নাস স্কীমের বিভিন্ন সুবিধা পাওয়া যায়।

(ঘ) আপনার পাঠানো টাকার সমপরিমাণ অর্থ দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি করে যা দেশের অর্থনৈতিক উন্নয়নের গুরুত্বপূর্ণ অবদান রাখে।

(ঙ) দেশে ব্যাংক একাউন্ট না থাকা সত্ত্বেও ব্যাংকিং চ্যানেলে টাকা প্রেরণ করে এখন দিনে দিনে টাকা উত্তোলন করা যায়।

“সুতরাং আর নয় হুন্ডি, হুন্ডিকে সামাজিকভাবে বয়কট করুন। হুন্ডিতে অর্থ প্রেরণ থেকে বিরত থাকুন এবং অন্যকেও বিরত রাখুন। দেশের উন্নয়নের অংশীদার হউন”



স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, বাংলাদেশ অপারেশন্স